29

দৈনিক সংবাদ

তারিখ ... 17 MAR 1996
পৃষ্ঠা ৪ কলাম ১

# আসন্ন এসএসসি পরীক্ষা ও অভিভাবকদের উদ্বেগ

আগামী ২৮শে মার্চ শুরু হবে এসএসসি পরীক্ষা। এদিকে দেশে চলছে অসহযোগ আন্দোলন। সরকার ও বিরোধীদল স্ব স্ব অবস্থানে এখনো অটল। কী হবে তা সাধারণ মানুষ জানে না। নানা ধরনের সমস্যার মধ্যে পরীক্ষার্থীদের অভিভাবকরা উদ্বিগ্ন। তারা ভাবছেন পরীক্ষা অনুষ্ঠানের আগে একটা মিটমাট না হলে পরীক্ষার্থীরা কি করবে?

পরীক্ষা দিতে যাওয়ার পথে ঝুঁকি কম নয়। অবশ্য বিরোধীদলগুলো বলেছিল পরীক্ষার সময়ে তারা কোন কর্মসূচি দেবে না। সে অনেক আগের কথা। তারপর বুড়িগঙ্গা দিয়ে অনেক পানি গড়িয়ে গেছে। বর্তমানে রাজনৈতিক পরিস্থিতি যেরূপ জটিল ও অস্থির এবং হিংসাত্মক হয়ে উঠছে দিন দিন তাতে অভিভাকদের উদ্বিগ্ন না হয়ে উপায় নেই।

রাজনৈতিক পরিবেশ যদি সুস্থিত না হয়, আন্দোলন চলে এবং আন্দোলন দমনে সরকারি পাঁয়তারা তার সঙ্গে পাল্লা দেয় তাহলে কি হবে? এই রাজনৈতিক ডামাডোলে পরীক্ষা গ্রহণ নির্দিষ্ট সময়সূচি অনুযায়ী হবে কি? পরীক্ষার্থীদের কোনরূপ বাধা না দিলেও, তাদের যাতায়াতের নিরাপত্তা কে দেবে। নিশ্চিন্ত মনে পরীক্ষা দিতে না পারলে অনেকেরই রেজাল্ট খারাপ হওয়ার আশংকা। পরীক্ষা কেন্দ্রে ছেলেমেয়ে নেয়া আনার ঝক্কি-ঝামেলা কম নয়। ...ান অশান্ত পরিস্থিতিতে পরীক্ষার্থী ও অভিভাবকদের দুর্গতির একশেষ হবে। কারণ যানবাহন সমস্যা বড় হয়ে দেখা দেবে। তারপর কোথায় কখন কি হয় পথেঘাটে।

বিভিন্ন সাংস্কৃতিক-সামাজিক সংগঠন, ব্যবসায়ী সংস্থা, নাগরিক কমিটি, রাজনীতিবিদ, অর্থনীতিবিদ, পেশাজীবী সংগঠন সমস্যার আশু সমাধানের দাবিতে কথা বলছেন, বিবৃতি দিচ্ছেন। উদ্বিগ্ন অভিভাবকদের ক্ষীণ কণ্ঠ কারো কর্ণকুহরে পৌছবে না। তারা যেন রবীন্দ্রনাথের 'সাধারণ মেয়ে'র মতো, যারা ইংরেজি ফরাসী জানে না, শুধু কাঁদতে জানে, তাই চিঠি দিয়ে উদ্বেগ প্রকাশ করে। আর নীরবে কামনা করে একটা সুরাহা হোক বর্তমান সংকটের। আমরা তাদের প্রতি সহমর্মিতা জানাই।